


স্কুল ফর কমিউনিটি ডেভেলপমেন্ট

রমাদান কার্যক্রম

গ্রুপ ইশা

শ্রেণি: ৭ম-৮ম



নাম:

শ্রেণি:

শিফট:

আইডি নং:

অভিভাবকের স্বাক্ষর :

দিকনির্দেশনা

- শিক্ষার্থীরা নির্ধারিত ক্লাস অনুযায়ী এ্যাসাইনমেন্ট-এর পিডিএফ ফাইলটি ডাউনলোড করে প্রিন্ট করে নিতে পারেন অথবা স্কুল থেকে প্রিন্টেড কপি সংগ্রহ করতে পারেন, ইন শা আল্লাহ।
- শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে বাবা-মা/অভিভাবক পরোক্ষভাবে সহযোগিতা করতে পারবেন। যেমন, কোনো বিষয় সম্পর্কে শিক্ষার্থীদের সঠিক জ্ঞান না থাকলে তাদেরকে বিষয়টি সম্পর্কে আল-কুরআন, নির্ভরযোগ্য তাফসির বা কিতাব অথবা সহীহ হাদিস থেকে শিখিয়ে দেওয়া যাবে, যাতে করে শিক্ষার্থী নিজেরাই উত্তরটি লিখতে পারেন। তবে সরাসরি উত্তর বলে দেওয়া থেকে বিরত থাকার জন্য বিশেষভাবে সকলকে বিনীত অনুরোধ করছি।
- এ্যাসাইনমেন্ট তৈরিতে যেকোনো ধরনের অসদুপায় অবলম্বন করা বা অসুস্থ প্রতিযোগিতামূলক মানসিকতা সম্পূর্ণভাবে পরিহার করতে হবে। এর মূল উদ্দেশ্য হতে হবে জ্ঞান অর্জনের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জন, ইন শা আল্লাহ।
- প্রয়োজনে অতিরিক্ত পৃষ্ঠা সংযোজন করা যাবে।

সপ্তাহ- ১

কাজ ১.১: রামাদান মাস মুসলিমদের ইবাদতের মৌসুম। প্রত্যেক ঈমানদার এ মাসে সুন্দরভাবে ইবাদতের আকাজ্জা লালন করে।

সুষ্ঠুভাবে ইবাদত ও শুকরিয়া আদায়ের তৌফিক চেয়ে একটি দুআ করতে পারি আমরা, যে দু'আটি রসূলুল্লাহ ﷺ সাহাবী মুয়াজ ইবনে জাবালের (রা.)-এর হাত ধরে শিখিয়ে দিয়েছিলেন। দু'আটি আরবীতে উল্লেখপূর্বক বাংলায় হাদীসটি বর্ণনা করুন:

কাজ ১.২: রমাদানে যে পরিমাণ ইবাদত করতে চেয়েছিলেন সেটি করতে সক্ষম না হলে আফসোস হতে পারে। কিন্তু আফসোস শয়তানের দরজা খুলে দেয়। কোনো কাজ চেষ্টা করে ব্যর্থ হলে আমরা কোন দু'আটি পড়তে পারি? দু'আটি আরবীতে উল্লেখ পূর্বক বাংলায় হাদীসটি বর্ণনা করুন:

কাজ ১.৩: বেশিরভাগ মানুষই রমাদানে যতটা সহজ সুন্দরভাবে ইবাদতে মগ্ন থাকে তা পরবর্তী অন্যান্য মাসে থাকে না। দ্বীনের অনেক জরুরি আমলে অবহেলা করে। সারা বছর দ্বীনে দৃঢ় থাকা অত্যন্ত জরুরি। হেদায়েত পাওয়ার পর আমরা পথ হারাতে চাই না। অন্তরকে দ্বীনে অটল রাখতে কোন দু'আটি পড়া যায়? আরবীসহ অর্থ লিখুন:

হিসনুল মুসলিম বইটির সাহায্য নিন।

Task 1.4: Ramadan is one of the twelve Arabic months. It is a month which is venerated in the Islamic religion, and it is distinguished from the other months by a number of characteristics and virtues, including the following:

Allah has made fasting the fourth pillar of Islam in this month, as He says (interpretation of the meaning):


“The month of Ramadan in which was revealed the Quran, a guidance for mankind and clear proofs for the guidance and the criterion (between right and wrong). So whoever of you sights (the crescent on the first night of) the month (of Ramadan i.e. is present at his home), he must observe Sawm (fasts) that month...” [al-Baqarah 2:185]

And it was narrated in al-Sahihayn (al-Bukhari, 8; Muslim, 16) from the hadith of Ibn ‘Umar that the Prophet (peace and blessings of Allah be upon him) said:


“Islam is built on five (pillars): the testimony that there is no Ilah except Allah and that Muhammad (peace and blessings be upon him) is the Messenger of Allah; establishing prayer; paying zakah; fasting in Ramadan; and Hajj to the House (the Ka’bah).”

Use dictionary to write down the meaning of the following words: venerate, distinguish, characteristics, virtue, reveal, guidance, crescent, narrate, Testimony, establish.

কাজ ১.৫: চাঁদ দেখে আমরা রমাদানের সিয়াম শুরু করি। চন্দ্র বছর প্রায় ৩৫৪ দিন, যেখানে সৌরবছর প্রায় ৩৬৫ দিন। মুসলিমদের দ্বীনের কার্যাবলি চন্দ্র বছরকে কেন্দ্র করে হয়। ইংরেজি বছরের ক্যালেন্ডারের ভিত্তি সৌরবছর।

 **টীকা লিখ:**

আহ্নিক গতি, বার্ষিক গতি, গ্রহ, উপগ্রহ, নক্ষত্র, চন্দ্র বছর।

 মাসের শুরুতে, মাঝে, শেষের চাঁদের ছবি আঁক।

সপ্তাহ ২

কাজ ২.১: ধরুন, আপনার নয় বছরের ছোট ভাই সাহরীর সময় ঘুম থেকে উঠতে আলসেমি করে। তাই সে সাহরী না করেই সিয়াম রাখে। সাহরী খেতে উৎসাহিত করতে আপনি তাকে কোন হাদীসটি শোনাবেন।

কাজ ২.২: ধরা যাক, আপনার সমবয়সী একজন প্রতিবেশী আপনার কাছ থেকে একটি বই ধার নিয়েছে। বইটি ফেরত দেয়ার পর দেখলেন বইটির কয়েকটা পৃষ্ঠা ছেঁড়া ও বইটিতে বেশ আঁকাআঁকি করা হয়েছে। তাকে জিজ্ঞেস করা হলে সে অস্বীকার করে আপনার সাথে তর্ক করতে এলো। আপনারও প্রচণ্ড রাগ হলো। কিন্তু আপনি তাড়াতাড়ি নিজেকে সামলে নিলেন। একজন সিয়াম পালনকারী হিসেবে আপনার তখন কোন হাদীসটি মনে পড়েছিল।

কাজ ২.৩: ধরুন, আপনার ভার্শিটি পড়ুয়া আত্মীয়া আপনাদের সাথে থাকে। গত এক ঘণ্টা ধরে তিনি তার বান্ধবীর সাথে ঙ্গদ শপিং, ঙ্গদের সাজগোজ, ঙ্গদের রেসিপি, বিভিন্ন বান্ধবীদের দোষ-ত্রুটি (কে কেমন, কে কী করল ইত্যাদি) নিয়ে মোবাইলে কথা বলেই যাচ্ছেন। এ ঘটনায় সিয়ামরত আত্মীয়াকে আপনি কোন হাদীসটি মনে করিয়ে দিতে পারেন।

কাজ ২.৪: সিয়ামের পরিপূর্ণ সাওয়াব অর্জনের জন্য রমাদানে আপনি নিজেকে কীভাবে সতর্ক রাখবেন।

Task 2.5: The Sunnah is to hasten to break one’s fast

It was narrated that Anas ibn Maalik said: “The Prophet (peace and blessings of Allaah be upon him) used to break his fast before praying by eating fresh dates, and if there were no fresh dates he would eat dried dates; if there were no dried dates, he would have a few sips of water.” (al-Sawm, 632; classed as saheeh by al-Albaani in Saheeh Abi Dawood, no. 560)

What one should do is to hasten to break the fast by eating small morsels that will calm one’s hunger, then get up to pray, then if one wishes, one may come back and eat more.

Blessings of Suhoor

Anas ibn Maalik (may Allah be pleased with him) said: The Prophet (peace and blessings of Allaah be upon him) said: “Eat Suhoor, for in Suhoor there is blessing.” (Narrated by al-Bukhaari, 1923; Muslim, 1095)

There is a great deal of blessing in Suhoor which includes benefits both in this world and in the Hereafter.

1. Write down the meanings of these words (hasten, sip, morsel, calm, hereafter)

2. Explain the benefits of Suhoor.

3. What do you eat in iftar?

সপ্তাহ ৩

কাজ ৩.১: তারা বলল, 'কত ছোট দল আল্লাহর হুকুমে বড় দলকে পরাজিত করেছে'!

- সূরাহ বাক্বারাহ এর ২৪৯ নম্বর আয়াতটি পড়ুন এবং আয়াতটি কোন ঘটনা নির্দেশ করছে তা জানুন। এখানে বনু ইসরায়েলের কয়টি দলের কথা উল্লেখ আছে, দলগুলোর মানুষদের বৈশিষ্ট্য লিখুন।

কাজ ৩.২: রসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সীরাহ থেকে রমাদানে সংঘটিত এমন কোন যুদ্ধে আমরা এমনই উদাহরণ দেখতে পাই? সূরাহ আনফাল এর ৬৫ আয়াতের প্রেক্ষিতে লিখুন, আল্লাহর জন্য যুদ্ধের ক্ষেত্রে কখন মু'মিনরা জয়ী হবে?

কাজ ৩.৩: ইতিহাসের আলোকে রমাদানে আর কোন যুদ্ধ সংঘটিত হয়েছে মুসলিম ও কুফরারদের মাঝে? সেই যুদ্ধ সম্পর্কে জানুন এবং শত্রুদের সেই দলটির স্বরূপ লিখুন।

Task 3.4: Extravagance in all things is something that is blameworthy and is not allowed, especially in food and drink. Allaah says (interpretation of the meaning):

“and eat and drink but waste not by extravagance, certainly He (Allaah) likes not Al-Musrifoon (those who waste by extravagance)”

And the Prophet (peace and blessings of Allaah be upon him) said: “The son of Adam does not fill any vessel worse than his stomach; for the son of Adam a few mouthfuls are sufficient to keep his back straight. If you must fill it, then one-third for food, one-third for drink and one-third for air.” Narrated by Tirmidhi, 2380; Ibn Maajah, 3349. Classed as saheeh by al-Albaani in Saheeh al-Tirmidhi, 1939).

Al-Haakim narrated that Abu Juhayfah (may Allaah be pleased with him) said: The Messenger of Allaah (peace and blessings of Allaah be upon him) said: “The more people eat their fill in this world, the more hungry they will remain on the Day of Resurrection.”

Narrated by Ibn Abi'l-Dunya, who added that Abu Juhayfah never filled his stomach until he departed this life.

“Classed as saheeh by al-Albaani in al-Silsilah al_Saheehah, 342”

1. Use dictionary to write down the meanings of following words:
Extravagance, blameworthy, interpretation, waste, vessel, worse, sufficient, mouthful, Resurrection, depart.

Task 3:5: "The son of Adam does not **fill** any vessel worse than his stomach"

Like **fill**, we know other similar sound words fell and feel. Write down their meanings and make three sentences respectively.

কাজ ৩.৬: রমাদানে বাসায় শরবত বানানোর দায়িত্ব পড়ল যাইনাবের ওপর। সে সাহরি খেয়েই পানি ফ্রিজে রেখে দিলো। আসরের সলাত আদায় করে দেয়াল ঘড়িতে যখন ৫:৩০ মিনিট বাজলো তখন সে শরবত তৈরী শুরু করলো। পানিতে চিনি, লেবু দিয়ে শরবত বানানো শেষ হলে বাবার শরবতে কিছুটা সোডিয়াম ক্লোরাইড মেশালো এবং আপার শরবতের মগে কিছুটা ভেজানো তোকমা মেশালো। সে লক্ষ্য করলো মগের গায়ে বিন্দু বিন্দু পানি জমেছে।

- ঘড়ির কাঁটার গতি কোন গতি?

- পানির রাসায়নিক সংকেত কি? (বই থেকে খুঁজে বের করুন)
- সোডিয়াম ক্লোরাইড এর প্রচলিত নাম কি? (বই থেকে খুঁজে বের করুন)
- যাইনাবের মগের শরবত ও তার আপার মগের শরবত কোন ধরনের দ্রবণ? যুক্তি দাও।
- মগের গায়ে পানি জমার রহস্য কি?

কাজ ৩.৭

মাথা খাঁটাই

পরিবারের সবার জন্য পাটিতে এক সারিতে ইফতার সাজানোর সময় আব্দুর রহমানকে বলা হলো একটি থালায় মিষ্টি দেয়া যাবে বাকিগুলোতে যাবে না। সেখানে ৫ রঙ এর থালা সাজানো আছে।

- লাল থালাটি মিষ্টির থালা থেকে বামে আছে।
- নীল থালা শেষ প্রান্তে রাখা নেই।
- বেগুনি থালা ও মিষ্টির থালার মাঝে আরও দুটি থালা রয়েছে।
- হলুদ থালা মিষ্টির থালাটির পরই রাখা।
- কমলা থালা একদম মাঝে রাখা।
- কোন থালাটিতে মিষ্টি দেয়া যাবে যুক্তিসহ উত্তর লিখুন।

সপ্তাহ ৪

কাজ ৪.১: রসূল ﷺ এর কদরের রাতের প্রস্তুতি ও আমল সম্পর্কে আয়িশা (রা.) থেকে বর্ণিত হাদীসসমূহ উল্লেখ করুন এবং এই হাদীসের রাবী সম্পর্কে দশটি বাক্য লিখুন।

কাজ ৪.২: শেষ রমাদান অর্থাৎ যখন শাওয়ালের চাঁদ দেখা যায় তখন আপনার কেমন অনুভূতি হয় তা প্রকাশ করুন।

কাজ ৪.৩: ঈদের দিন পুরুষ ও মহিলা উভয়ের ঈদগাহে সমবেত হওয়া ও ঈদের সলাতে অংশগ্রহণ করার গুরুত্ব হাদীসের আলোকে আলোচনা করুন।

3. Mr Jahid asked her wife to prepared the zakat-al fitr for Ramadan. So, Mrs Ayishaa started preparing packages for zakat-al-fitr. She prepared the zakah on behalf of the adult family members. From the very first Ramadan, she gave Fitrahs to the needy one. Some portions were left which she given on the day after Eid ul Fitr.

Find out both the grammatical and conceptual mistakes of the given passage and write those in the correct forms.

কাজ ৪.৫

যাইনাব রমাদানের জন্য কিছু সমুচা তৈরীর পরিকল্পনা করল। সে তার বাবাকে সমুচার প্রক্রিয়াজাত ময়দার শিট কিনে আনতে বললো। আয়তাকার একটি সমুচা শিট এর দৈর্ঘ্য ৩ মিটার এবং প্রস্থ ৪ মিটার। প্রতিটি থেকে ২ টি সমুচা বানানো যায়। প্যাকেট খুলে সে দেখলো ৩টি শিট নষ্ট হয়ে গেছে।

১. সমুচারণ আকৃতি কোণের প্রেক্ষিতে, বাহুর প্রেক্ষিতে ত্রিভুজের কোন ধরনের মতো হবে? তার বৃহৎ বাহুর গাণিতিক ভাষায় নাম কি?

২. কোনো সমুচার এক কোণের মান 21° হলে হলে, সমুচার অপর কোণগুলোর মান কত?

৩. ছোট ছোট সমুচাগুলো সাজিয়ে 120 বর্গমিটারের একটি সমুচার আকৃতি বানাতে কতটি সমুচা লাগবে?

কাজ ৪.৬

শব্দের খেলা

				১.			৯.		
৮.		৬.							
							১৬.		
৭.				২.		৩.			
						৬.			
	১১.		৪.		৫.			১৫.	
১২.							১৪.		
	১০.				১৩.				

পাশাপাশি:

১. একমাত্র সত্য দ্বীন
২. যে মাসে কুরআন নাযীল হয়
৪. রসূলুল্লাহ ﷺ এর যে নামটি কুরআনে মাত্র একবার এসেছে।
৬. শুক্রবার যে সূরা পাঠ সুন্নাহ
৭. সূরা কাহফের ১ম দশ আয়াত বা শেষ দশ আয়াত মুখস্থ করলে যার ফিতনা থেকে বাঁচা সম্ভব ইন শা আল্লাহ।
১০. রসূলুল্লাহ ﷺ এর পালক পুত্রের ছেলে।
১২. নবুয়্যতের আগে যে পর্বত গুহায় থাকতেন রসূলুল্লাহ ﷺ।

১৩. যে জালিম শাসক ইব্রাহিম (আ.) এর কাছে নিজেকে জীবন দানকারী হিসেবে দাবি করেছিল।
১৪. আদম (আ.) এর একজন ছেলের নাম।
১৬. সিরিয়ার যে শহরে ঈসা (আ.) নামবেন ইন শা আল্লাহ।

উপর-নিচ:

১. সিয়াম পূর্ণ করা হয় যে সূন্নাহ দ্বারা
৩. যে নবীর সময় শনিবার মাছ ধরা নিষেধ ছিল।
৪. আঈশা (রা.) এর বড় বোন।
৫. ৩০ নং পারার যে সূরায় লোক দেখানো সলাত আদায়কারীকে তিরস্কার করা হয়েছে।
৬. আদম (আ.) এর ছেলে
৮. রসূলুল্লাহ ﷺ এর একজন স্ত্রী
৯. আরাফাহ একটি _____।
১১. পৃথিবীর ইতিহাসে সবচেয়ে নিকৃষ্ট শাসক।
১৪. ব্যাবিলনে যাদু বিদ্যা বিষয়টি জানানো ফেরেশতাদের একজন।
১৫. রসূলুল্লাহ ﷺ কে যে ইহুদী জাদু করেছিল।